



রিভিশন সীট

শ্রেণি: ষষ্ঠ

ভাষা ও বাংলা ভাষা

সংক্ষিপ্ত প্রশ্ন:

- ক) ভাষার উপাদান কয়টি ও কী কী?
- খ) সাধু ভাষার জনক কে?
- গ) উপভাষার অপর নাম কী?
- ঘ) কোন ভাষা নবীন ভাষা?
- ঙ) সংকেত ভাষার অপর নাম কী?
- চ) উচ্চারণের একক কী?
- ছ) কোন ভাষার সীমাবদ্ধতা আছে?
- জ) অক্ষর কী?
- ঝ) ভাষাকে দেশ গঠনের কী হিসাবে গ্রহণ করা হয়েছে?
- ঞ) মাতৃভাষা কাকে বলে?
- ট) ভাষা কত প্রকার ও কী কী?
- ঠ) মৌখিক ভাষা কাকে বলে?
- ড) চলিত ভাষার সৃষ্টি কত সালে?
- ঢ) সাধু ভাষার জন্ম কত সালে?
- ণ) বাগর্থ কাকে বলে?
- ত) ভাষার লিখন ব্যবস্থা প্রধানত কত প্রকার ও কী কী?

ধ্বনিতত্ত্ব

- ১) সন্ধি ভাষাকে কী করে?
- ২) বাগ্যন্ত্র কাকে বলে?
- ৩) গোলাকৃত স্বরধ্বনি কাকে বলে?
- ৪) বাংলা ব্যঞ্জনধ্বনি কটি?
- ৫) কার কাকে বলে?
- ৬) ফলা কাকে বলে?
- ৭) স্বরধ্বনি কাকে বলে?
- ৮) উচ্চারণ কাল অনুসারে স্বরধ্বনি কত প্রকারও কী কী?
- ৯) মৌখিক স্বরধ্বনি কয়টি?
- ১০) ব্যঞ্জনধ্বনি উচ্চারণে কটি বিষয় বিশেষ ভাবে খেয়াল রাখতে হয়?
- ১১) তালব্য ধ্বনিগুলো কী কী?
- ১২) হ্ কী জাতীয় ধ্বনি?

- ১৩) শিসধ্বনি কয়টি ও কী কী?
- ১৪) র্ কোন জাতীয় ধ্বনি?
- ১৫) টোকাজাত ধ্বনির অপর নাম কী?
- ১৬) একই ব্যঞ্জন পর পর দু বার ব্যবহৃত হলে তাকে কী বলে
- ১৭) ব্যঞ্জনদ্বিত্ব ছাড়া সব ব্যঞ্জনসংযোগকে কী বলে?
- ১৮) অস্বচ্ছ যুক্তব্যঞ্জন কাকে বরে?
- ১৯) অ কিংবা আ ধ্বনির পণ্ডে ই বা ঙ্গ ধ্বনি থাকলে উভয় মিলে কী হয়?
- ২০) 'টাকেশ্বরী' সন্ধি বিচ্ছেদ কর।
- ২১) 'শুভেচ্ছা' সন্ধি বিচ্ছেদ কর।
- ২২) 'পরীক্ষা' সন্ধি বিচ্ছেদ কর।
- ২৩) নাসিক্য ধ্বনি কাকে বলে?
- ২৪) (ক্ষ ) যুক্তবর্ণটি বিশ্লেষণ করলে কী পাই?
- ২৫) মৌলিক স্বরবর্ণ কয়টি?

### বাগর্থ ৫.১, ৫.২, ৫.৩, ৫.৬

১. বাগর্থ কাকে বলে?
২. সমশব্দ কাকে বলে?
৩. সমশব্দের অপর নাম কী?
৪. 'কৃতি'ও 'কৃতি' শব্দদুটি কি কি অর্থে ব্যবহৃত হয়েছে?
৫. সমার্থক শব্দ কাকে বলে?
৬. সমার্থক শব্দের অপর নাম কী?
৭. 'প্রসূতি' শব্দের ২টি সমার্থক শব্দ লিখ।
৮. বিপরীত শব্দ কাকে বলে?
৯. 'কুন্তল' কোন ধরনের সমার্থক শব্দ?
১০. 'বিটপী' শব্দটি কোন ধরনের সমার্থক শব্দ?
১১. বিশেষ অর্থ বহন করে এমন শব্দকে কী বলে?
১২. পরিভাষা নির্বাচন করতে হয় কিসের উপর ভিত্তি করে?
১৩. Airport শব্দের পারিভাষিক শব্দ হচ্ছে 'বিমান বন্দর' এখানে কোনটি 'উৎস' ও কোনটি 'লক্ষ্য'?
১৪. 'অনুলিপি' কোন শব্দের পারিভাষিক শব্দ?
১৫. Analysis, Democracy ও Adviser শব্দের পারিভাষিক শব্দগুলো কী কী?
১৬. বাগর্থে কোন কোন বিষয় নিয়ে আলোচনা করা হয়?
১৭. নিচের শব্দগুলোর প্রতিশব্দ/ সমার্থক শব্দ লিখ।  
আকাশ, অক্ষি, জঠর, পাদপ, অদ্রি, আনন, পাণি, অলক, মেঘ, বারি
১৮. 'পাপিনী' শব্দের বিপরীত শব্দ কী?
১৯. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লিখ।  
আলো, সুন্দর, ধ্বংস, গ্রহণ, আনন্দ, নরম, সকাল, উন্নতি, অবনতি

২০. 'কুল', এর সমশব্দ কী?

### উত্তর:

- ১) শব্দ ও বাক্যের অর্থের আলোচনা হলো বাগর্থ।
- ২) দুটি শব্দ যখন ধ্বনিগত দিক থেকে একই রকম শোনায় কিন্তু অর্থের দিক থেকে ভিন্ন হয় তখন এসব শব্দকে সমশব্দ বলে।
- ৩) সমশব্দের অপর নাম সমোচ্চারিত শব্দ।
- ৪) কৃতী শব্দটি (সফল) ও কৃতি শব্দটি (কাজ) অর্থে ব্যবহৃত হয়েছে।
- ৫) যে সকল শব্দ একই অর্থ প্রকাশ করে অর্থাৎ বানানও উচ্চারণ ভিন্ন হলেও অর্থ একই এ ধরনের শব্দকে সমার্থক শব্দ বলে।
- ৬) সমার্থক শব্দের অপর নাম প্রতিশব্দ।
- ৭) 'প্রসূতি' শব্দের ২টি সমার্থক শব্দ হলো জননী ও মাতা।
- ৮) যখন কোন শব্দ আরেকটি শব্দের বিপরীত অর্থ প্রকাশ করে তখন শব্দ দুটিকে একে অন্যের বিপরীত শব্দ বলে।
- ৯) 'কুম্ভল' শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ বিষয়ক সমার্থক শব্দ।
- ১০) 'বিটপী' প্রাকৃতিক বস্তু-বিষয়ক সমার্থক শব্দ।
- ১১) বিশেষ অর্থ বহন করে এমন শব্দকে পারিভাষিক শব্দ বলে।
- ১২) পরিভাষা নির্বাচন করতে হয় লোকজজীবনের উপর ভিত্তি করে।
- ১৩) এখানে Airport হলো উৎস এবং লক্ষ্য হলো 'বিমানবন্দর'।
- ১৪) এখানে 'অনুলিপি' শব্দটি Duplicate শব্দের পারিভাষিক শব্দ।
- ১৫) Analysis- বিশ্লেষণ Democracy - গণতন্ত্র Adviser-উপদেষ্টা।
- ১৬) বাগার্থে শব্দ ও বাক্যের অর্থের বিষয় নিয়ে আলোচনা করা হয়।
- ১৭) পাঠ্য বই
- ১৮) পাঠ্য বই ”
- ১৯) পাঠ্য বই
- ২০) পাঠ্য বই

### বিরামচিহ্ন/ যতিচিহ্ন/ছেদচিহ্ন

❖ বিরামচিহ্ন বলতে বুঝায়-

- বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝা
- বাক্যের আবেগ (আনন্দ, বেদনা, দুঃখ) প্রকাশ করা
- বাক্যের জিজ্ঞাসা প্রকাশ করার জন্য ব্যবহৃত চিহ্ন।

- কিছু বিরামচিহ্ন বাক্যের মাঝে ব্যবহৃত হয়।

<p>কমা(,) বিরতিকাল ১ বলতে যে সময় লাগে</p>	<p>বাক্যের মধ্যে অল্প বিরতির জন্য কমা ব্যবহৃত হয়। যেমন</p> <ul style="list-style-type: none"> <li>● বাক্যের সুস্পষ্টতা বা অর্থ-বিভাগ বোঝাতে যেমন: সুখ চাও, সুখ পাবে।</li> </ul>
--	--

	<ul style="list-style-type: none"> <li>● পরস্পর সম্বন্ধযুক্ত একাধিক বিশেষ্য বা বিশেষণ পদকে আলাদা বোঝাতে সেমন: সুখ, দুখ, হাসি, কান্না নিয়েই তো জীবন।</li> <li>● সম্বোধনের পর কমা বসে। যেমন: তুহিন, এদিকে আস।</li> <li>● উদ্ধরণ চিহ্নের আগে কমা বসে। যেমন: বাবা বললেন, “কাল স্কুল খুলবে”</li> <li>● মাসের তারিখ লিখতে <u>বার ও মাসের</u> পর কমা বসে। ১৪ই ফাল্গুন, সোমবার, ১৪১২ সাল।</li> <li>● বাড়ি বা রাস্তার নামের পরে কমা বসে। ৯, নজরুল ইসলাম রোড, ঢাকা ১২০৭।</li> <li>● সমজাতীয় একাধিক পদ থাকলে কমা বসে। যেমন: পদ্মা, মেঘনা, যমুনা বড় নদী</li> <li>● এক ধরনের একাধিক খণ্ডবাক্যকে আলাদা করতে কমা বসে। যেমন: আমাদের আছে শহিদ দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস ইত্যাদি।</li> </ul>
সেমিকোলন (;)	১ বলার দ্বিগুণ সময় থামতে হয়।
কোলন (:)	১ সেকেন্ড থামতে হয়।
কোলন ড্যাশ(:-)	১ সেকেন্ড থামতে হয়। উদাহরণ প্রয়োগের ক্ষেত্রে ব্যবহার হয়। যেমন: পদ ৫ প্রকার যেমন: বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয়, ক্রিয়া।
ড্যাশ (-)	১ সেকেন্ড থামতে হয়।
হাইফেন (-)	থামার প্রয়োজন নেই
উদ্ধরণ চিহ্ন (“ ”)	১ বলতে যে সময় লাগে।
বন্ধনী-চিহ্ন ( ), { }, [ ]	গণিত শাস্ত্রে ব্যবহৃত হয় থামার প্রয়োজন নেই
বিন্দুচিহ্ন (.)	থামার প্রয়োজন নেই

## বাক্যের শেষে ব্যবহৃত বিরামচিহ্ন

দাঁড়ি (।)	বাক্যের সমাপ্তি বোঝাতে দাঁড়ি ব্যবহার হয়। ১ সেকেন্ড থামতে হয়। যেমন: আমরা বাংলাদেশে বাস করি।
------------	---

প্রশ্নবোধক / জিজ্ঞাসা চিহ্ন(?)	প্রশ্ন বা জিজ্ঞাসা বোঝাতে ১ সেকেন্ড থামতে হয়। যেমন: আমাদের স্কুল কখন খুলবে?
বিস্ময়চিহ্ন (!)	আবেগ (সুখ, দুঃখ, ভয়, আনন্দ, ঘৃণা) প্রকাশ করতে ১ সেকেন্ড থামতে হয়। যেমন: আহ! কি চমৎকার দৃশ্য!

প্রশ্ন:

- ১) বিরামচিহ্ন কাকে বলে?
- ২) বিরামচিহ্নের অপর নাম কী?
- ৩) বাক্যের শেষে কোন কোন বিরামচিহ্ন ব্যবহৃত হয়?
- ৪) হাইফেনের বিরতি কাল কত?
- ৫) বিন্দু চিহ্ন কোথায় ব্যবহৃত হয় ?
- ৬) সম্বোধন পদের পরে কী বসে?
- ৭) দাঁড়ি চিহ্নের জন্য কত সময় থামতে হয়?
- ৮) সেমিকোলনের জন্য কত সময় থামতে হয়?
- ৯) শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের ক্ষেত্রে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
- ১০) বাক্যের অর্থ সুস্পষ্ট বোঝাতে কোন চিহ্ন ব্যবহৃত হয়?
- ১১) হৃদয়বেগ বলতে কী কী বোঝায়?
- ১২) বাংলা ভাষায় যতি চিহ্ন কয়টি?
- ১৩) কোন যতি চিহ্নের জন্য সবচেয়ে বেশি সময় থামতে হয়?
- ১৪) কোথায় সেমিকোলন বসে?
- ১৫) বিস্ময় চিহ্নের বিরতিকাল কত?
- ১৬) উদ্ধরণ চিহ্ন কোনটি?
- ১৭) তারিখ লিখতে কোন যতি চিহ্ন ব্যবহৃত হয়?
- ১৮) বাক্যের শেষে কয়টি বিরামচিহ্ন ব্যবহৃত হয়?
- ১৯) বাক্যে উদ্ধরণ চিহ্নের আগে কি বসে?
- ২০) কমা অপেক্ষা বেশি বিরতি প্রয়োজন কোন বিরামচিহ্নে?
- ২১) কমা চিহ্নের জন্য কত সময় থামতে হয়?
- ২২) বিরাম চিহ্ন বসাও:
  - ক) আহা কী চমৎকার দৃশ্য
  - খ) রাতুল বলল কাল স্কুল খুলবে
  - গ) ২৩ মে বৃহস্পতিবার ২০১৯ খ্রিস্টাব্দ
  - ঘ) বাংলাদেশ নদীমাতৃক দেশ
  - ঙ) শিক্ষক বললেন গতকাল জাপানে ভয়াবহ ভূমিকম্প হয়েছে

চ) সৌরভ এবছর এস এস সি পাস করেছে

❖ শিক্ষার্থীরা প্রথমে নিজে নিজে প্রশ্নগুলোর উত্তর লিখবে এর পর উত্তরের সাথে মিলাবে।

### উত্তর:

১. বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝাবার জন্য , বাক্যের আবেগ ও জিজ্ঞাসা প্রকাশের জন্য বাক্যের মধ্যে ও শেষে বিরতি দিতে হয় । লিখিত ভাবে তা প্রকাশের জন্য যেসব সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয় তাকে বিরামচিহ্ন বলে ।
২. বিরামচিহ্নের অপর নাম যতিচিহ্ন বা ছেদচিহ্ন ।
৩. বাক্যের শেষে দাঁড়ি (।) , প্রশ্নবোধক চিহ্ন (?) ও বিস্ময়চিহ্ন(!) ব্যবহৃত হয় ।
৪. বিরতির প্রয়োজন নেই ।
৫. শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের জন্য বিন্দু ব্যবহৃত হয় । যেমন: পিএইচ.ডি.ডিগ্রি ।
৬. সম্বোধন পদের পরে কমা বসে ।
৭. দাঁড়ি চিহ্নের জন্য ১ সেকেন্ড থামতে হয় ।
৮. সেমিকোলনের জন্য ১ বলার দ্বিগুণ সময় থামতে হয় ।
৯. বিন্দু ব্যবহৃত হয় ।
১০. বাক্যের অর্থ সুস্পষ্ট বোঝাতে বিরামচিহ্ন ব্যবহৃত হয় ।
১১. হৃদয়াবেগ বলতে আনন্দ, দুঃখ, সুখ ঘৃণা, ভয় ইত্যাদিকে বোঝায় ।
১২. বাংলা ভাষায় যতি চিহ্ন ১২টি ।
১৩. দাঁড়ি যতি চিহ্নের জন্য সবচেয়ে বেশি সময় থামতে হয় ।
১৪. খণ্ডবাক্যে সেমিকোলন বসে ।
১৫. বিস্ময় চিহ্নের বিরতিকাল ১ সেকেন্ড ।
১৬. উদ্ধরণ চিহ্ন “ ” ।
১৭. তারিখ লিখতে কমা বসে ।
১৮. বাক্যের শেষে ৩টি যতিচিহ্ন বসে ।
১৯. বাক্যে উদ্ধরণ চিহ্নের আগে কমা বসে ।
২০. কমা অপেক্ষা বেশি বিরতি প্রয়োজন সেমিকোলনে ।
২১. কমা চিহ্নের জন্য ১ বলার সময় থামতে হয় ।
২২. বিরামচিহ্ন বসানো হল ।

ক) আহা ! কী চমৎকার দৃশ্য!

খ) রাতুল বলল, “কাল স্কুল খুলবে।”

গ) ২৩ মে, বৃহস্পতিবার, ২০১৯ খ্রিস্টাব্দ ।

ঘ) বাংলাদেশ নদীমাতৃক দেশ ।

ঙ) শিক্ষক বললেন, “ গতকাল জাপানে ভয়াবহ ভূমিকম্প হয়েছে। ”

চ) সৌরভ এবছর এস. এস. সি. পাস করেছে ।